



স্মারক নং- বেরোবি/রেজি:/

তারিখঃ ৩১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তির বিজ্ঞপ্তি:

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য বিভাগভিত্তিক তালিকা প্রকাশ করা হয়েছে। ফলাফল জানতে ভিজিট করুন <http://admission.brur.ac.bd/>.

শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী পরিচালিত হবে।

সাক্ষাৎকার ও ভর্তির সময়সূচি: (সাধারণ শিক্ষার্থীদের জন্য)

ক্রমিক নং	বিষয়	তারিখ ও বার	সময়	স্থান
০১	সাক্ষাৎকার গ্রহণ ও ভর্তি (যাদের বিষয় বরাদ্দ দেয়া হয়েছে)	০৯/০১/২০২২ইং রবিবার এবং ১১/০১/২০২২ইং মঙ্গলবার	সকাল ১১:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	সংশ্লিষ্ট বিভাগ
০২	২য় তালিকা প্রকাশ (আসন ফাঁকা থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে)	১১/০১/২০২২	রাত: ১১:০০ মিনিট	বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট
০৩	২য় তালিকা সাক্ষাৎকার গ্রহণ ও ভর্তি (আসন ফাঁকা থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে)	১৬/০১/২০২২ইং রবিবার এবং ১৭/০১/২০২২ইং সোমবার	সকাল: ১১:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	সংশ্লিষ্ট বিভাগ

ভর্তির ফিস : সকল বিভাগের জন্য ভর্তির প্রারম্ভিক ফিস = ৯,৫১৫/- (নয় হাজার পাঁচশত পনের) টাকা মাত্র।

(বিঃ দ্রঃ ভর্তির সকল প্রক্রিয়া এবং অটো মাইগ্রেশনের সর্বশেষ তালিকা প্রকাশের পর শিক্ষার্থীরা যে বিভাগে সর্বশেষ অবস্থান করবেন সে বিভাগের অতিরিক্ত ফিস (যদি থাকে) সমন্বয় করতে হবে।

সাক্ষাৎকার ও ভর্তির সময় নিম্নলিখিত কাগজ পত্রাদি অবশ্যই সঙ্গে আনতে হবে।

- ০১। এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, নম্বরপত্র এবং সার্টিফিকেট/প্রভিশনাল সার্টিফিকেট/প্রশংসাপত্র।
- ০২। গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (কক্ষ পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।
- ০৩। ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে ব্যবহৃত ছবির সাদৃশ্য হতে হবে)।
- ০৪। ভর্তির সময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।

*** প্রকাশিত ফলাফলের সকল প্রকার সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

সদস্য-সচিব

ভর্তি কমিটি

২০২০-২০২১ শিক্ষাবর্ষ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।